# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 12-10-2025** **Time: 1.40 P.M.**

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে বেসরকারি মেডিক্যাল কলেজে ডাক্তারি পড়ুয়াকে গণধর্ষণের অভিযোগে তিন জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃত অপু বাউরি, ফিরদৌস শেখ এবং শেখ রেজাউদ্দীনকে আজ দুর্গাপুর আদালতে তোলা হচ্ছে। বিজরা গ্রামের বাসিন্দা এই তিনজনকে মোবাইল টাওয়ার লোকেশন ট্র্যাক করে ধরা হয় বলে সূত্রের খবর। ইতোমধ্যেই বেশ কয়েকজন অভিযুক্তকে চিহ্নিত করেছে পুলিশ। আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেটের ডেপুটি কমিশনার অভিষেক গুপ্তা জানিয়েছেন, তদন্ত চলছে।

(বাইট-পুলিশ)

ঘটনার পর গতকাল ওই তরুণীর সহপাঠিকে আটক করেছিল পুলিশ। গত শুক্রবার রাতে ওই সহপাঠির সঙ্গেই তরুণী, ক্যাম্পাসের বাইরে যান বলে জানা গেছে। অকুস্থল এবং সংলগ্ন এলাকায় ড্রোন উড়িয়ে চলছে নজরদারি। পাশ্ববর্তী গ্রামগুলিতেও খোঁজ খবর করা হচ্ছে। ইতোমধ্যেই নির্যাতিতার গোপন জবানবন্দী নিয়েছেন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট।

দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বিজেপি আজ বিকেলে দুর্গাপুরের পিয়ালী কালি মন্দিরের সামনে জি টি রোডের ওপর অবস্থান বিক্ষোভ এবং অবরোধ কর্মসূচীর ডাক দিয়েছে। বিজেপি মহিলা মোর্চার নেতৃত্বে আজ বিকেলে বিক্ষোভ মিছিল ও থানা ঘেরাও করা হবে। এনটিপিএস থানা ঘেরাও কর্মসূচী নিয়েছে কংগ্রেস।

**জাতীয় মহিলা কমিশন** দুর্গাপুরে, ওড়িশার বাসিন্দা মেডিকেল ছাত্রীকে গণধর্ষনের অভিযোগে স্বতঃপ্রণোদিত পদক্ষেপ করেছে। কমিশনের চেয়ারপার্সন বিজয়া রাহাতকর রাজ্য পুলিশের মহানির্দেশককে চিঠি লিখে অভিযুক্তদের অবিলম্বে গ্রেপ্তার, দ্রুত ও স্বচ্ছ তদন্ত, এবং নির্যাতিতার জন্য উপযুক্ত চিকিৎসা ও মানবিক সহায়তার দাবি জানিয়েছেন। এবিষয়ে কি ব্যবস্থা নেওয়া হলো, ৫ দিনের মধ্যে তার রিপোর্ট দিতে বলা হয়েছে। গতকালই জাতীয় মহিলা কমিশনের সদস্য ডাক্তার অর্চনা মজুমদার, দুর্গাপুরে গিয়ে নির্যাতিতার সঙ্গে সাক্ষাৎ করেন।

ঘটনার নিন্দা করেছেন **ওড়িশার মুখ্যমন্ত্রী মোহনচরণ মাঝি**।

এদিকে, অভয়া মঞ্চের সদস্যরা, আজ দুর্গাপুর গেছেন। মঞ্চের পক্ষ থেকে এই ঘটনার তীব্র নিন্দা করা হয়েছে।

-----------------------------

উত্তরবঙ্গে প্রাকৃতিক দুর্যোগের পর পরিস্থিতি পর্যালোচনায় **মুখ্যমন্ত্রী** মমতা ব্যানার্জী **আজ ফের সেখানে** যাচ্ছেন। কলকাতা বিমানবন্দরে সাংবাদিকদের তিনি বলেন, দুর্গতদের সহায়তায় ত্রাণ সামগ্রী বিতরণের কাজ চলছে।

(বাইট-মমতা)

প্রথমে হাসিমারা পৌঁছে প্রশাসনিক বৈঠকে যোগ দেবেন মুখ্যমন্ত্রী। এরপর তিনি যাবেন দার্জিলিং-এ। বুধবার তাঁর কলকাতায় ফেরার কথা।

উল্লেখ্য, একটানা বৃষ্টিতে বিপর্যস্ত উত্তরবঙ্গের পরিস্থিতি খতিয়ে দেখতে গত সোমবারই উত্তরবঙ্গ যান মুখ্যমন্ত্রী। দুর্গতদের সঙ্গে দেখা করার পাশাপাশি তাদের হাতে তুলে দেন আর্থিক সহায়তা।

এদিকে, উত্তরবঙ্গে বিপর্যয়ের কারণে ক্ষতিগ্রস্থ সব কৃষককে **শস্যবীমার আওতায়** নিয়ে আসা হবে বলে রাজ্য সরকার জানিয়েছে। নদীর চরে দীর্ঘদিন ধরে

চাষবাস করছেন এমন কৃষকরাও সরকারি সুবিধা পাবেন বলে জানিয়েছেন কৃষি মন্ত্রী শোভনদেব চট্টপাধ্যায়।

গতকাল নবান্নে উত্তরবঙ্গের ফসলের ক্ষয়ক্ষতি পর্যালোচনার জন্য বৈঠকে বসেন কৃষি মন্ত্রী। সেখানেই বীমার আওতায় না থাকা কৃষকদের নাম নথিভুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত হয়েছে।

অন্যদিকে, বন্যা ও ভূমিধসে ক্ষতিগ্রস্ত এলাকায় ত্রাণ সরবরাহের জন্য অতিরিক্ত ৪৬ টি সুফল বাংলা স্টল চালু করেছে রাজ্য সরকার। এই ধরনের মোট ১৪৬ টি ভ্রাম্যমান স্টল থেকে স্থানীয় বাসিন্দাদের প্রয়োজনীয় ত্রাণ সামগ্রী বিলি করা হচ্ছে। কৃষি দপ্তরের তরফে ইতিমধ্যেই ক্ষতিগ্রস্ত কৃষকদের হাতে এক কোটি ২৩ লক্ষ টাকা মূল্যের মুসুর ডাল, ভুট্টা, সর্ষের বীজ তুলে দেওয়া হয়েছে।

------------------------------

কলকাতা সহ দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় আজ বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। উত্তরবঙ্গের ক্ষেত্রেও আগামীকাল পর্যন্ত দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং-এর কিছু কিছু জায়গায় বৃষ্টির সম্ভাবনা।

দু-একদিনের মধ্যেই দক্ষিণবঙ্গ থেকে বর্ষা বিদায় নেবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

------------------------------

জলপাইগুড়ির নাগরাকাটা ব্লকের একাধিক চা বাগান এলাকায় হাতির পালের তাণ্ডবে আতঙ্ক ছড়িয়েছে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ রাত হলেই হাতির পাল ঢুকে পরছে গ্রামে। বন্যার পর প্রশাসন ও বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের তরফে এলাকায় চাল ডাল সহ নিত্য প্রয়োজনীয় সামগ্রী বিলি করা হচ্ছে। চালের গন্ধে হাতির পাল গ্রামে ঢুকছে বলে তাদের দাবি। হাতি তাড়ানোর জন্য, সক্রিয় হয়েছেন বন দপ্তরের কর্মীরা।

------------------------------

হাওড়ার রামরাজাতলার অম্বিকা কুন্ডু লেনে বিস্ফোরণে এক যুবক অগ্নিদগ্ধ হয়েছেন। আকাশ হেলা নামে বছর ৩৫ এর ঐ ব্যক্তি আশঙ্কাজনক অবস্থায় বাঙ্গুর হাসপাতালে চিকিৎসাধীন। গতকাল বিকেলে একটি বাড়ির গ্যারেজে আতস বাজি তৈরির সময়ে বিস্ফোরণে আগুন লেগে যায় বলে পুলিশের প্রাথমিক অনুমান। দমকলের একটি ইঞ্জিন আধঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে।

------------------------------

মুর্শিদাবাদের ফারাক্কার কুলিগ্রাম থেকে ভেজাল মশলার কারবারে জড়িত থাকার অভিযোগে এজাজুর রহমান নামের এক ব্যাক্তিকে পুলিশ গ্রেপ্তার করেছে। উদ্ধার হয়েছে ৩৭ বস্তা ভেজাল গুঁড়ো হলুদ, প্রায় ৪০ কেজি লঙ্কার গুঁড়ো এবং প্রচুর পরিমাণে রাসায়নিক রং। ঝাড়খন্ড ও মালদায় এই ভেজাল মশলা বিক্রি করা হত বলে পুলিশ জানিয়েছে।

------------------------------

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ জাতীয় মানবাধিকার কমিশন এর প্রতিষ্ঠা দিবস উদযাপিত হচ্ছে। মানবাধিকার সুরক্ষা অধ্যাদেশ ১৯৯৩ এর অধীনে এই কমিশন প্রতিষ্ঠিত হয়েছিল। স্বাধীনতা, সমতা ও মর্যাদার ভিত্তিতে দেশের মানুষের মানবাধিকার সুরক্ষা জাতীয় মানবাধিকার কমিশন এর লক্ষ্য।

------------------------------ ------------------------------